

রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়  
প্যানেলভুক্ত প্রার্থীদের  
পুলিশের লাঠিপেটা

নিবন্ধ প্রতিবেদক ●

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্যানেলভুক্ত প্রার্থীদের ওপর গতকাল সোমবার লাঠিপেটা করেছে পুলিশ। গরম পানি ছুড়ে তাঁদের ছত্রস্ত করা হয়েছে। এতে আট প্রার্থী আহত হয়েছেন, আটক করা হয়েছে ১৬ জনকে।

আন্দোলনরত 'রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর নিয়োগ বঞ্চিত প্যানেলভুক্ত শিক্ষক-শিক্ষিকাবৃন্দ'র সভাপতি অণু সরকার অভিযোগ করেন, নিয়োগের দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনারে তাঁদের মহাসমাবেশ ছিল। এ সময় পুলিশ লাঠিপেটা করে। তবে শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সিরাজুল ইসলাম ৩৩য় আলোকে বলেন, লাঠিপেটা করার অভিযোগ মিথ্যা।

গত বছরের এপ্রিল মাসে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে লিখিত ও মৌখিক পরীক্ষার পর রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর সহকারী শিক্ষক পদে ৪২ হাজার প্রার্থী উত্তীর্ণ হন। এই তালিকা প্রকাশ করা হয়। তাঁদের মধ্যে ১৪ হাজার শিক্ষককে নিয়োগ দেওয়া হয়েছে। এরপর পৃষ্ঠা ২ কলাম ৮



পুলিশের লাঠিপেটা

লিখিত ও মৌখিক পরীক্ষার পর প্যানেলভুক্ত হয়ে রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হওয়ার স্বপ্ন দেখছিলেন ২৮ হাজার প্রার্থী। কথা ছিল, পাঁচ বছরে তারা পর্যায়ক্রমে নিয়োগ পাবেন। এখন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তাঁদের নিয়োগ দিতে চাইছে না। নিয়োগের দাবিতে প্রার্থীরা গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি দিতে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে রওনা হলে লাঠিপেটা করে পুলিশ ● ছবি: প্রথম আলো

পুলিশের লাঠিপেটা

প্রথম পৃষ্ঠার পর

ব্যক্তিদের প্যানেলভুক্ত করে রাখা হয় এবং বলা হয় পাঁচ বছরের মধ্যে রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়গুলোর পুন্যপদে তাঁদের নিয়োগ দেওয়া হবে।

এরই মধ্যে গত জানুয়ারি মাসে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো জাতীয়করণ করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেন, যেহেতু বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো জাতীয়করণ করা হয়েছে। তাই এখন আর তাঁদের নিয়োগ দেওয়া সম্ভব নয়।